



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ১ম আন্তঃঅনুষদ স্বাধীনতা দিবস ক্রিকেট প্রতিযোগিতা  
২০১৮-এর উদ্বোধন অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির উদ্যোগে ২২ মার্চ ২০১৮, বৃহস্পতিবার, সকাল ১০টায় জাতীয় পতাকা উত্তোলন ও পায়রা উড়িয়ে আন্তঃঅনুষদ স্বাধীনতা দিবস ক্রিকেট প্রতিযোগিতা ২০১৮-এর শুভ উদ্বোধনী অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে (ধূপখোলা) অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে প্রতিযোগিতার উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড.মীজানুর রহমান। আন্তঃঅনুষদ স্বাধীনতা দিবস ক্রিকেট প্রতিযোগিতায় শিক্ষক সমিতির সহ-সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ সৈয়দ আলম-এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী সঞ্চালনায় স্বাগত বক্তব্য প্রদান করেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. দিপীকা রানী সরকার এবং ক্রীড়া



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



কমিটির আহবায়ক অধ্যাপক ড. আলী নুর। এসময় বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক, চেয়ারম্যান, প্রক্টর, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য বিশ্ববিদ্যালয়ের চারটি অনুষদের প্রায় ৬০জন শিক্ষক এই খেলায় অংশগ্রহণ করে।